গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.২৩-১৮

তারিখ : ১৫ মাঘ ১৪৩০ / ২৯ জানুয়ারি ২০২৪

**বিষয় : পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা ৩১ জানুয়ারি ২০২৪ তারিখ বুধবার বেলা ০২:০০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। সভার কার্যপত্র অনুযায়ী তাঁর শাখা/বিভাগ/সংস্থার হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

<u>সংযুক্তি:</u> কার্যপত্র আট পৃষ্ঠা।

২৯/০১/২০২৪
(মোঃ আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৮১১৩৩৫১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২) প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫) যুগ্মপ্রধান (সকল), সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬) উপসচিব/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭) নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের অনুরোধসহ)।
১১) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১২) সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩) মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৪) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
১৬) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মেইনটেন্যান্স শাখা ও সহকারী প্রোগ্রামার, ই-সার্ভিস শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭) বাজেট অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮) হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৯) উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।
২০) উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) সদস্যের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সদস্যের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) সদস্যের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) সদস্যের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) সদস্যের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮) সদস্যের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা

**বিষয় : ৩১ জানুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠেয় পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ প্রয়োজন। | ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী ১১.০১.২০২৪ তারিখে জারি করা হয়েছে। কোন সংযোজন/সংশোধন না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে *(লিংক সংযুক্ত)।* | যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |
| ২। | **প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>(ক) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএস সফ্টওয়্যারে নিয়মিত আপডেট করতে হবে।<br><br>(খ) একনেক কর্তৃক অনুমোদিত সকল প্রকল্পের পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের তথ্য একনেক অধিশাখা কর্তৃক | (ক) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফটওয়্যারে নিয়মিত আপডেট করা হচ্ছে। ডিসেম্বর, ২০২৩ মাসে পিপিএম সফ্টওয়্যার হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী-<br>❖ ২০২৩-২৪ অর্থবছরে<br>▪ এডিপিতে বরাদ্দবিহীন অন্তর্ভুক্ত প্রকল্পের সংখ্যা ১২১১টি;<br>▪ তন্মধ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৯৭৫টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে ২৩৬টি;<br>▪ সম্পূর্ণ জিওবি অর্থায়নে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৪৬টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৭টি;<br>▪ প্রক্রিয়াধীন প্রকল্পের সংখ্যা ৮২টি;<br>❖ ডিসেম্বর ২০২৩ মাসে<br>▪ পিইসি/এসপিইসি'র সংখ্যা ৭টি;<br>▪ অনুমোদিত প্রকল্পের সংখ্যা ৩টি;<br>▪ পিইসি/এসপিইসি হয়নি বা প্রক্রিয়াধীন প্রকল্প সংখ্যা ৭১টি;<br>❖ ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা ২৬টি।<br>*(পিপিএম সফটওয়্যারের তথ্য, লিংক সংযুক্ত)।*<br><br>(খ) একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্পের পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের তথ্য একনেক অধিশাখা কর্তৃক "ডিজিটাল ডাটাবেইজ ও আর্কাইভ সিস্টেম "(DDAS)" | প্রধান (সকল সেক্টর/ডিভিশন) পরিকল্পনা কমিশন এবং প্রকল্প পরিচালক এসডিবিএম প্রকল্প |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | "ডিজিটাল ডাটাবেইজ ও আর্কাইভ সিস্টেম (DDAS)" এ নিয়মিত অন্তর্ভুক্ত করতে হবে।<br>(গ) ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/ এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা যৌক্তিকভাবে হ্রাস করতে হবে। | Software এ নিয়মিত সংরক্ষণ করা হচ্ছে।<br>(গ) ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/ এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা ২৬টি (লিংকে সংযুক্ত)। | |
| ৩। | **PPS Software এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>(ক) পিইসি সভাসমূহে PPS Software এর মাধ্যমে ডিপিপি দাখিল করার নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(খ) PPS Software এর মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণের কারিগরি ত্রুটি দূর করতে হবে।<br>(গ) PPS Software এর হালনাগাদকৃত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) PPS Software এর প্রশিক্ষণপ্রাপ্ত মন্ত্রণালয়সমূহের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | (ক) পিইসি সভাসমূহে PPS Software এর মাধ্যমে ডিপিপি দাখিল করার নির্দেশনা প্রদান অব্যাহত আছে।<br>(খ) ইউজার কর্মকর্তাদের সমস্যা/মতামত অনুযায়ী PPS Software এর মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণের কারিগরি ত্রুটি নিয়মিত সমাধান করা হচ্ছে।<br>(গ) প্রশিক্ষণ কার্যক্রম শুরুর পর থেকে এ পর্যন্ত মোট ১৫টি মন্ত্রণালয়/বিভাগ থেকে ৮৮টি প্রকল্প অনলাইনে প্রণয়ন করা হয়েছে, যার মধ্যে ২টি প্রকল্প অনলাইনে অনুমোদিত হয়েছে **(তালিকা লিংকে সংযুক্ত)**।<br>(ঘ) এসডিপিপি প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ২৬ টি মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ সংস্থা এবং পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন হতে মনোনীত মোট ৩৭৮ জন কর্মকর্তাকে 'পিপিএস ইউজারস' প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে **(তালিকা লিংকে সংযুক্ত)**। | প্রধান (সকল সেক্টর/ডিভিশন) পরিকল্পনা কমিশন, প্রকল্প পরিচালক SDPP প্রকল্প, ও সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| ৪। | **শূন্য পদ পূরণ:**<br>(ক) পদ স্থায়ীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) পরিকল্পনা বিভাগ হতে ০৮/০১/২০২৪ তারিখ পদ স্থায়ীকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও বাজেট অফিসার পদে পিএসসির সুপারিশকৃত প্রার্থীদের প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | (খ) প্রার্থীদের প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৫/১০/২০২৩ তারিখ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র দেওয়া হয়েছে।<br>বাজেট অফিসার পদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন পাওয়া গেলেও প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই প্রতিবেদন পাওয়া যায়নি। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী পদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীর প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫। | **বিআইডিএস এর শূন্য পদ পূরণ:**<br>(ক) সিনিয়র রিসার্চ ফেলো ও রিসার্চ ফেলো এর শূন্য পদ আগামী ০১ (এক) মাসের মধ্যে পূরণ করতে হবে। পরবর্তী সমন্বয় সভার পূর্বে ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগ সম্পন্ন করতে হবে।<br><br>(খ) বিআইডিএস কর্তৃক সমাপ্ত সকল গবেষণার একটি করে কপি পরিকল্পনা বিভাগের এসএসআরসি তে প্রেরণ করতে হবে। | (ক) সিনিয়র রিসার্চ ফেলো ও রিসার্চ ফেলোর শূন্য পদ পূরণের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার প্রেক্ষিতে উক্ত ২টি পদে যথাক্রমে ৩২ টি ও ২৭ টি আবেদন জমা পড়েছে। নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে গত ১৪/০১/২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>এছাড়া প্রতিষ্ঠানের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদ পূরণের লক্ষ্যে ইতোমধ্যে বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা মহাপরিচালক অনুমোদিত হলে পত্রিকায় প্রকাশ করা হবে।<br>(খ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক (বিআইডিএস) |
| ৬। | **পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস:**<br>পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৮ম সভায় পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সাংগঠনিক কাঠামোতে স্থায়ীভাবে ৩৩টি ক্যাডার পদ (পরিকল্পনা বিভাগ-১১টি এবং পরিকল্পনা কমিশন-২২টি) সৃজনের সুপারিশ প্রদান করা হয়েছে। ৩৩টি ক্যাডার পদ সৃজনের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ১৬/০১/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| ৭। | **পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের অডিট আপত্তি:**<br>অনিষ্পন্ন ০১টি অডিট আপত্তির বিষয়ে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে যোগাযোগ করে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অডিট আপত্তিটি নিষ্পিত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব ০৪/০১/২০২৪ তারিখে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |
| ৮। | **পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতের অডিট আপত্তি:**<br>উন্নয়ন খাতের ২৩টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। | অনিষ্পন্ন ২৩টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ (প্রকল্প পরিচলকের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট বিভাগের প্রধান) |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯। | **বিআইডিএস এর অডিট আপত্তি:**<br>বিআইডিএস এর অনিষ্পন্ন ২টি (জড়িত টাকা ৬,৩৯,২০৬/-) অডিট আপত্তির সাথে জড়িত টাকা বিধি মোতাবেক সরকারি কোষাগারে পরিশোধপূর্বক আপত্তি নিষ্পত্তি করে পরবর্তী সমন্বয় সভায় এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। | মহাপরিচালক বিআইডিএস, যুগ্মসচিব (প্রশিক্ষণ, বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ |
| ১০। | **শাখা পরিদর্শন:**<br>(ক) নির্ধারিত সময় অন্তর যথাযথ নিয়ম অনুসরণপূর্বক শাখা পরিদর্শনের মাধ্যমে শাখার কাজের মান বৃদ্ধি করতে হবে।<br>(খ) শাখা কর্মকর্তাগণকে আগত ডাকসমূহ ডায়রিতে লিপিবদ্ধ করে তা নিয়মিত অনুসরণ করতে হবে। | **পরিকল্পনা বিভাগ:** ৩জন কর্মকর্তা (যুগ্মসচিব (বাজেট ও প্রশিক্ষণ) প্রশিক্ষণ শাখা, Strengthening the Capacity of Officers and Staffs of Planning Division and Commission (2nd Revised) Project ও সিনিয়র সহকারী সচিব (সাধারণ শাখা-১), সহকারী সচিব (এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>**পরিকল্পনা কমিশন:** সাধারণ অর্থনীতি বিভাগের ১জন কর্মকর্তা (সিনিয়র সহকারী প্রধান, মাল্টি সেক্টরাল ইস্যুজ ও সমন্বয় অনুবিভাগ শাখা-১) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>কার্যক্রম বিভাগের ১জন কর্মকর্তা (উপপ্রধান, ভৌত অনুবিভাগ) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন/অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল)/উপসচিব (সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল) পরিকল্পনা বিভাগ |
| | | **বিআইডিএস:** সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী প্রতিষ্ঠানের সকল শাখা নিয়মিতভাবে পরিদর্শন করা হচ্ছে। | মহাপরিচালক (বিআইডিএস) |
| ১১। | **নথি বিনষ্টকরণ:**<br>(ক) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিয়মিত পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস কর্তৃক যথানিয়মে নথি বিনষ্ট করতে হবে ও প্রমাণক কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করতে হবে।<br>(খ) শাখাসমূহের নথি ব্যবস্থাপনা পরিচ্ছন্ন করতে হবে। | (ক) প্রশাসন অধিশাখা-৩-এর বিনষ্টযোগ্য নথি ২৭/১২/২০২৩ তারিখে বিনষ্ট করা হয়েছে।<br>পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনসমূহ এবং বিআইডিএস কর্তৃক যথানিয়মে নথি বিনষ্ট করা হয়।<br>(খ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ ও যুগ্মসচিব (সকল) পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ১২। | **ই-নথির ব্যবহার:**<br>(ক) ই-নথির ব্যবহার বৃদ্ধিকল্পে ই-নথির মাধ্যমে সকল শাখা হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) পিইসি সভার নোটিশ, কার্যপত্র ইত্যাদি ই-নথির মাধ্যমে জারি করতে হবে। | **পরিকল্পনা বিভাগ:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা নভেম্বর মাসে ৩৩২টি এবং ডিসেম্বর মাসে ২৪৬টি। নভেম্বর মাসের তুলনায় ডিসেম্বর মাসে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে।<br><br>**পরিকল্পনা কমিশন:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা নভেম্বর মাসে ৪৯৯টি এবং ডিসেম্বর মাসে ৫৩১টি। নভেম্বর মাসের তুলনায় ডিসেম্বর মাসে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে।<br><br>**বিআইডিএস:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা নভেম্বর মাসে ১১৪টি এবং ডিসেম্বর মাসে ১০১টি। নভেম্বর মাসের তুলনায় ডিসেম্বর মাসে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ সকল কর্মকর্তা পরিকল্পনা কমিশন/ পরিকল্পনা বিভাগ |
| ১৩। | **মামলা মোকাদ্দমার ফলোআপ:**<br>চলমান মামলা নিষ্পত্তির কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে। | চলমান মামলা ২টির বর্তমান অবস্থা এ বিভাগকে অবহিত করার জন্য বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ বরাবর ০২/১১/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব না পাওয়ায় ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায় নি। | যুগ্মসচিব (আইন) পরিকল্পনা বিভাগ |
| ১৪। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস):**<br>প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিপূর্বক প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | ফোকাল পয়েন্ট (জিআরএস) ও গবেষণা কর্মকর্তা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| ১৫। | **তথ্য অধিকার:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়। স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস) এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা/ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৬। | **প্রশিক্ষণ:**<br>ডাটাবেইজে কর্মকর্তা/ কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | মার্চ, ২০২২ থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীগণের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তথ্য নিয়মিত হালনাগাদ করা হয়েছে।<br>জুলাই, ২০২৩ থেকে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল উন্নয়ন প্রকল্প থেকে তথ্য প্রাপ্তি সাপেক্ষে ডাটাবেইজ হালনাগাদ করা হচ্ছে। | যুগ্মসচিব (প্রশিক্ষণ), প্রকল্প পরিচালক (সকল)<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ |
| ১৭। | **সিটিজেন চার্টার:**<br>(ক) পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>(খ) প্রমানক এপিএ শাখায় প্রেরণ করতে হবে। | (ক) প্রত্যেক ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়। ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>বিআইডিএস এর সিটিজেন চার্টার সর্বশেষ ৩১/১২/২০২৩ তারিখ সিটিজেন চার্টার হালনাগাদ করে তা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>(খ) প্রমানক এপিএ শাখায় প্রেরণ করা হচ্ছে। | মহাপরিচালক (বিআইডিএস), যুগ্মসচিব কর্মসম্পাদন ব্যস্থাপনা শাখা<br>এবং<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |
| ১৮। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন:**<br>(ক) মন্ত্রণালয়ে প্রেরিত প্রকল্প পরিদর্শন, প্রকল্প বাস্তবায়নে সমস্যা এবং সমস্যা উত্তরণে পরামর্শ/সুপারিশ উল্লেখ করতে হবে।<br><br>(খ) এপিএ শাখায় অগ্রায়নপত্র ও প্রতিবেদনের অনুলিপি প্রেরণ করতে হবে। | (ক) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>(খ) প্রমানক এপিএ শাখায় প্রেরণ করা হচ্ছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ)<br>এবং<br>এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৯। | **এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন:**<br>এপিএর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়ে সচেষ্ট থাকতে হবে এবং এপিএ শাখায় প্রমানক প্রেরণ করতে হবে। | এপিএ সূচক বাস্তবায়ন হচ্ছে কি-না তা নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে।<br>বিআইডিএস কর্তৃক এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস), প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, যুগ্মসচিব (বাজেট ও এপিএ)<br>ও<br>উপসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২০। | **বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও সচেতনতা বৃদ্ধি:** অফিস কক্ষ ত্যাগ করার সময় আবশ্যিকভাবে কক্ষের এসি, লাইট ও ফ্যান বন্ধ করে কক্ষ ত্যাগ করতে হবে। | সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) এবং গণপূর্ত ই/এম বিভাগ হতে নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ মনিটরিং করা হচ্ছে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত ই/এম বিভাগ-১৪) শেরেবাংলা নগর, ঢাকা |
| ২১। | **পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ:**<br>(ক) দর্শনার্থী প্রবেশের সময় নজরদারি বৃদ্ধি করতে হবে।<br>(খ) গণপূর্ত এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে পরিকল্পনা কমিশন চত্বরের বিদ্যমান অবকাঠামোর সাথে সামঞ্জস্য রেখে জনতা ব্যাংকের জন্য একটি আলাদা দৃষ্টিনন্দন পকেট গেইট তৈরির কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিকল্পনা কমিশন চত্বরের পুলিশ ইনচার্জকে সার্বিক নিরাপত্তা জোরদারকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>(খ) জনতা ব্যাংকের গ্রাহকদের জন্য আলাদা একটি পকেট গেইট তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ/নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ-২/ উপপুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর |
| ২২। | **ডিজিটাল হাজিরা:**<br>(ক) সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত অফিস সময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং ডিজিটাল হাজিরা মেশিনে উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রাপ্ত Specification অনুযায়ী আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয় ও স্থাপন করতে হবে। | (ক) ডিজিটাল হাজিরা মেশিনে কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। তবে ৯ নম্বর ভবনের হাজিরা মেশিনে যান্ত্রিক ত্রুটির কারণে নিয়মিত হাজিরা গ্রহণ ব্যহত হচ্ছে।<br>(খ) আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয়ের নিমিত্ত ফিন্যানশিয়াল ও টেকনিক্যাল স্পেসিফিকেশনসহ প্রাক্কলিত মূল্য প্রদানের জন্য টেলিফোন শিল্প সংস্থা লি: বরাবর সাধারণ শাখা-২ হতে ২৬/১২/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। টেলিফোন শিল্প সংস্থা লি: হতে প্রাক্কলন পাওয়া গেছে। টেকনিক্যাল Specification ও বাজার দর পাওয়া গিয়েছে এবং ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ |
| ২৩। | **মেডিকেল সেন্টার স্থাপন:**<br>(ক) মেডিকেল সেন্টারের জন্য চাহিদা মোতাবেক নতুন আসবাবপত্র সরবরাহ করতে হবে। | (ক) মেডিকেল সেন্টারের জন্য চাহিদা মোতাবেক নতুন আসবাবপত্র/মালামাল সরবরাহ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ ও মেডিকেল অফিসার |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) মেডিকেল সেন্টারকে আরো উন্নত করার বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগে ইতোপূর্বে প্রেরিত প্রস্তাবের কপি সিনিয়র সচিব এর দপ্তরে প্রেরণ করতে হবে। | (খ) মেডিকেল সেন্টারকে আরো উন্নত করার বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগে ইতোপূর্বে প্রেরিত প্রস্তাবের কপি সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ এর দপ্তরে প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা কমিশন চত্বর |
| ২৪। | **পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ সংস্কার/মেরামত:**<br>পরিকল্পনা কমিশনের সদস্য এবং প্রধানদের অনুকূলে বরাদ্দকৃত কক্ষসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যথাযথভাবে সংস্কার ও মেরামত করতে হবে। | উক্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) এর আলোচনা হয়েছে। পরবর্তী নির্দেশনা পেলে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা হবে। | উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত সিভিল), পরিকল্পনা কমিশন |
| ২৫। | **এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান:**<br>মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগ করে এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট নাগরিক সেবা ডিজিটাইজড করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সেবাসমূহকে 'মাইগভ' প্ল্যাটফর্মে ডিজিটাল সেবায় রূপান্তর বিষয়ে কর্মশালা আয়োজনের নিমিত্ত সরকারী আর্থিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগের প্রশিক্ষণ শাখা বরাবর পত্র পেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| ২৬। | **ইন্টারনেটের গতি বৃদ্ধি:**<br>পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের প্রয়োজন অনুযায়ী ইন্টানেটের গতি বৃদ্ধির প্রস্তাব বিটিসিএল এ প্রেরণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের প্রয়োজন অনুযায়ী ইন্টানেটের Bandwidth 240 MBPS হতে 600 MBPS এ উন্নীতকরণের জন্য উপ মহাব্যবস্থাপক (ব্রডব্যান্ড-১), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) বরাবর সাধারণ শাখা-২ হতে ২৯/০১/২০২৪ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। আগামী ফেব্রুয়ারি/২০২৪ হতে প্রস্তাবিত Bandwidth পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>ও<br>সিনিয়র সহকারী সচিব সাধারণ শাখা-২ পরিকল্পনা বিভাগ |
| ২৭। | **অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অবহিতকরণ :** | | |

২৯/০১/২০২৪

(মোঃ আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব